কদম্বেরই কানন ঘেরি আষাঢ়মেঘের ছায়া খেলে,
পিয়ালগুলি নাটের ঠাটে হাওয়ায় হেলে ॥
    বরষনের পরশনে   শিহর লাগে বনে বনে,
    বিরহী এই মন যে আমার সুদূর-পানে পাখা মেলে ॥
আকাশপথে বলাকা ধায় কোন্ সে অকারণের বেগে,
পুব হাওয়াতে ঢেউ খেলে যায় ডানার গানের তুফান লেগে ।
    ঝিল্লিমুখর বাদল-সাঁঝে   কে দেখা দেয় হৃদয়-মাঝে,
    স্বপনরূপে চুপে চুপে ব্যথায় আমার চরণ ফেলে ॥

---

Parjaay: Prakriti / Borsha, Taal: Dadra, Raag: Iman-Kalyan
Visit www.geetabitan.com for notation and other detail